



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**কোভিড-19 এর ভ্যারিয়েন্টগুলো শনাক্তকরণের ক্ষেত্রে স্টেটকে সাহায্য করার জন্য
গভর্নর কুওমোর ল্যাবরেটরি নির্বাচনের ঘোষণা**

**স্টেটের বর্তমান জিনোম/ভ্যারিয়েন্ট নজরদারির দৃঢ় প্রচেষ্টা জোরদার করা হয়েছে
জনস্বাস্থ্য সংক্রান্ত হস্তক্ষেপ সম্পর্কে অবহিত করতে বিভিন্ন আবিষ্কারে সহায়তা
করার জন্য ডাটা তৈরি করা হয়েছে**

কোভিড-19 (COVID-19) এর ভ্যারিয়েন্টগুলি শনাক্ত করার ক্ষেত্রে স্টেটের প্রচেষ্টাকে জোরদার করার জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ পাঁচটি ল্যাবরেটরি নির্বাচনের ঘোষণা দিয়েছেন। কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাস SARS-CoV-2 এর জন্য পজিটিভ নমুনাগুলোর জেনেটিক সিকোয়েন্সিং সম্প্রসারিত করার জন্য নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ এই ল্যাবরেটরিগুলির সাথে অংশীদারিত্ব গড়ে তুলছে। এই ল্যাবরেটরিগুলির সিকোয়েন্সিং-এর দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে, এবং সেইসাথে সক্ষমতা ও নিউইয়র্ক শহরের বাইরে নিউইয়র্ক স্টেটের একাধিক-কাউন্টির বিশাল এলাকার SARS-CoV-2 এর পজিটিভ নমুনাগুলিতে অ্যাক্সেস রয়েছে।

“এই ভাইরাসকে পরাজিত করার জন্য আমাদের হাতে থাকা সব হাতিয়ার ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক আবারো এই পথে নেতৃত্ব দিচ্ছে এবং এসব উদীয়মান ভ্যারিয়েন্টের জন্য পর্যবেক্ষণ সম্প্রসারণ করার মাধ্যমে আরো বেশি নিউ ইয়র্কবাসী টিকা নেয়ার সাথে সাথে এটি আমাদেরকে এই মহামারী থেকে এগিয়ে থাকতে সাহায্য করবে,” বলেছেন গভর্নর কুওমো। “নিজেকে এবং আপনার চারপাশের লোকজনকে সুরক্ষিত রাখার জন্য টিকা নেয়ার মাধ্যমে আপনি এটি ছড়িয়ে পড়া প্রতিরোধের জন্য আপনার অংশের কাজটি করতে পারেন।”

উদীয়মান সংক্রামক রোগের শনাক্তকরণ উন্নয়ন সম্প্রসারণের জন্য সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-এর এপিডেমিওলজি ও ল্যাবরেটরি সক্ষমতার অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের ওয়াডসওয়ার্থ সেন্টার বাইরের ল্যাবরেটরিগুলির সাথে সিকোয়েন্সিং-এর জন্য একটি অংশীদারিত্ব গড়ে তোলার জন্য \$20 মিলিয়ন ডলার ব্যবহারের অনুমোদন পেয়েছে।

এই পাঁচটি ল্যাবরেটরি হলো:

- **SUNY আপস্টেট মেডিকেল ইউনিভার্সিটি** - SUNY মলিকিউলার অ্যানালাইসিস কোর
- **কর্ণেল ইউনিভার্সিটি** - ভাইরোলজি ল্যাবরেটরি (কর্ণেল অ্যানিমেল হেলথ ডায়াগনস্টিক সেন্টার)

- ইউনিভার্সিটি অ্যাট বাফেলো - জিনোমিকস অ্যান্ড বায়োইনফরমেটিকস কোর
- University অব রেচেস্টার মেডিকেল সেন্টার - UR মেডিসিন সেন্ট্রাল ল্যাবরেটরি
- নিউ ইয়র্ক মেডিকেল কলেজ - জিনোমিকস কোর ল্যাবরেটরি

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর কমিশনার ড. হাওয়ার্ড জাকার বলেন, “কোভিড-19 মহামারী উদ্বেগ-সৃষ্টিকারী ভ্যারিয়েন্টগুলি শনাক্তকরণের জন্য জিনোম সিকোয়েন্সিংয়ের গুরুত্বকে তুলে ধরেছে যা আমাদের জনস্বাস্থ্যের প্রতি সাড়া প্রদানের অবিচ্ছেদ্য অংশ হিসেবে ওয়াডসওয়ার্থ সেন্টার অব্যাহতভাবে পর্যবেক্ষণ করছে। আমরা এই নতুন অংশীদারিত্বের বিষয়টি ঘোষণা করতে পেরে আনন্দিত যা স্টেটজুড়ে এই নজরদারির সম্মততা সম্প্রসারণ করবে এবং চলমান কোভিড-19 মহামারীর প্রতি সাড়া প্রদানের প্রচেষ্টায় সহায়তা করবে। আবারো বলছি, আমরা সব যোগ্য নিউ ইয়র্কবাসীকে টিকা নেয়ার জন্য উৎসাহিত করছি, কারণ এটিই গুরুতর অসুস্থতা এড়ানোর সেরা উপায়।”

এই প্রচেষ্টার লক্ষ্য হলো নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক স্টেটের সাধারণ জনগোষ্ঠীর কাছ থেকে পাওয়া SARS-CoV-2 পজিটিভ নমুনাগুলোর সিকোয়েন্সিং ব্যাপকভাবে সম্প্রসারণ করা, এবং এর মাধ্যমে আমাদের বর্তমান জিনোম/ভ্যারিয়েন্ট-এর ওপর নজরদারির জোরালো প্রচেষ্টাকে আরো জোরদার করা এবং স্টেটজুড়ে SARS-CoV-2 এর সংক্রমণ ও ছড়িয়ে পড়ার বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করা। নজরদারি ছাড়াও, সৃষ্ট ডাটা রোগের প্রকাশ, থেরাপি বা টিকা এড়িয়ে যাওয়া এবং কার্যকারিতা সম্পর্কে আমাদের উপলব্ধিতে সহায়তা করবে, এবং জনস্বাস্থ্যের ক্ষেত্রে হস্তক্ষেপগুলো সম্পর্কে জানাতে অন্যান্য আবিষ্কারগুলিকে সমর্থন করবে। অংশীদার ল্যাবরেটরিগুলি থেকে পাওয়া সিকোয়েন্সিং-এর ফলাফল নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ এবং এভিয়ান ইনফলুয়েঞ্জা ডাটা শেয়ার করার জন্য বৈশ্বিক উদ্যোগ-এর কাছে রিপোর্ট করা হবে।

একটি রিমাইন্ডার হিসেবে, [ডিপার্টমেন্ট অব হেলথ-এর ওয়েবসাইটে](#) যেভাবে বর্ণনা করা হয়েছে, যুক্তরাষ্ট্রে জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত কোভিড-19 এর সব টিকা কোভিড-19 এর কারণে গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া, এবং মৃত্যু প্রতিরোধে অত্যন্ত কার্যকর বলে প্রমাণিত হয়েছে। FDA-অনুমোদিত টিকাগুলির কার্যকারিতা এমনকি নতুন প্রজাতিগুলির বিরুদ্ধেও শক্তিশালী রয়েছে, যার মধ্যে রয়েছে [উদ্বেগ-সৃষ্টিকারী ভ্যারিয়েন্টগুলি](#) যেমন ভারতে শনাক্ত হওয়া ডেল্টা ভ্যারিয়েন্ট, যা B.1.617.2 নামেও পরিচিত। যারা টিকা নেননি তারা গুরুতর অসুস্থ হওয়ার সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছেন, আর এ কারণেই নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ সব যোগ্য নিউ ইয়র্কবাসীকে যত তাড়াতাড়ি সম্ভব টিকা নেয়ার জন্য জোরালোভাবে আহ্বান জানাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)